কৃষিইসমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
প্রশাসন- ৪ (বাজেট) অধিশাখা
www.moa.gov.bd.

নং-১২.০০.০০০০.০২২.৩৬.০৮৩.১৯.১৭৭

তারিখ : ২১ জ্যৈষ্ঠ ১৪২৭ / ০৪ জুন ২০২০

প্রাপকঃ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়: ২০১৯-২০ অর্থবছরে আমন মৌসুমে রোপা আমন আবাদ বৃদ্ধির নিমিত্ত ভর্তুকি মূল্যে বীজ সহায়তা কার্যক্রমের জন্য বিএডিসি'র রোপা আমন ধান বীজে ভর্তুকি বাবদ ১৯,৫৩,৩৪,৮২০.০০ (উনিশ কোটি তেপান্ন লক্ষ চৌত্রিশ হাজার আটশত বিশ) টাকা ছাড়করণ।

মহোদয়,

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে জানাচ্ছি যে, ২০১৯- ২০ অর্থবছরে আমন ফসল উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষকের মাঝে রোপা আমন বীজ সহায়তা কার্যক্রমের জন্য কৃষি মন্ত্রণালয়ের সংশোধিত পরিচালন বাজেট ১৪৩০১০১- ১২০০০০৬১৫- ৩৫১১১০১ –কৃষি ভর্তুকি খাতে বরাদ্দকৃত ৮০০০.০০ (আট হাজার) কোটি টাকা হতে আমন ধান বীজে ভর্তুকি হিসেবে ১৯,৫৩,৩৪,৮২০.০০ (উনিশ কোটি তেপান্ন লক্ষ চৌত্রিশ হাজার আটশত বিশ) টাকা বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) এর অনুকূলে ৪ নং অনুচ্ছেদে বর্ণিত শর্তসাপেক্ষে ব্যয় করার জন্য এতদ্বারা ছাড় মঞ্জুরি জ্ঞাপন করছি। চেয়ারম্যান, বিএডিসি এ মন্ত্রণালয়ের প্রতিস্বাক্ষরিত বিলের মাধ্যমে এ অর্থ উত্তোলন করতে পারবেন এবং এ অর্থ ব্যয়ে এতদসঙ্গে যুক্ত ০১/০৬/২০২০ তারিখে স্বাক্ষরিত কৃষকের মাঝে ভর্তুকি মূল্যে বীজ বিক্রয়ের পদ্ধতি যথাযথভাবে অনুসরণপূর্বক যাবতীয় আর্থিক বিধিবিধান এবং ৪ নং অনুচ্ছেদে বর্ণিত শর্তাবলী যথাযথভাবে অনুসরণ করবেন।

০২। এক নজরে ভর্তুকি কার্যক্রম:

ক. ভর্তুকিসহ বীজের বিবরণ :

১) বীজ সরবরাহকারী প্রতিষ্ঠান- বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
২)বীজেরপরিমান (ইনব্রিড) ১৯৪৯২.৫৩২ মে.টন।
৩) বীজেরপরিমান (হাইব্রিড) ৮.১৯০ মে.টন।
৪) ইনব্রিড বীজের ভর্তুকির পরিমান ১৯,৪৯,২৫,৩২০.০০টাকা (প্রতি কেজিতে ১০ টাকা)।
৫) হাইব্রিড বীজের ভর্তুকির পরিমান ৪০৯৫০০.০০ টাকা (প্রতি কেজিতে ৫০ টাকা)।

খ. ভর্তুকির আওতাভুক্ত জেলা: ৬৪ জেলা।

গ. উপকারভোগী কৃষকের সংখ্যা: সকল আগ্রহী কৃষক।

ঘ. ফসল: রোপাআমন ।

০৩। উক্ত রোপা আমন বীজ ভর্তুকি কার্যক্রম নিম্নরূপ:

বিতরণযোগ্য আমন ধান বীজের জাত ও শ্রেণিভিত্তিক পরিমাণ (মে.টন) ও মূল্য

| | | বীজের শ্রেণি | | | চাষি পর্যায়ে মূল্য টাকা/টন | | মোটমূল্য | | | ভর্তুকিমূল্য | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ক) উফশী | ভিত্তি | প্রত্যায়িত/ মানঘোষিত (আপদসহ) | মোটবীজ | ভিত্তি | প্রত্যায়িত/ মানঘোষিত | ভিত্তি | প্রত্যায়িত/ মানঘোষিত | মোটমূল্য | (ভিত্তি) | প্রত্যায়িত/ মানঘোষিত (আপদসহ) |
| ১ | বিআর ১০ | ১৮.২৫৭ | ৮১৪.৮০৮ | ৮৩৩.০৬৫ | ৪৭০০০.০০ | ৩৯০০০.০০ | ৮৫৮০৭৯.০০ | ৩১৭৭৭৫১২.০০ | ৩২৬৩৫৫৯১.০০ | ১৮২৫৭০ | ৮১৪৮০৮০ |
| ২ | বিআর ১১ | ১৫২.৯২৯ | ১১৯৪.২৮৩ | ১৩৪৭.২১২ | ৪৭০০০.০০ | ৩৯০০০.০০ | ৭১৮৭৬৬৩.০০ | ৪৬৫৭৭০৩৭.০০ | ৫৩৭৬৪৭০০.০০ | ১৫২৯২৯০ | ১১৯৪২৮৩০ |
| ৩ | বিআর ২২ | ৬০.৪০৪ | ২১২৬.৯৫৮ | ২১৮৭.৩৬২ | ৪৮০০০.০০০ | ৪০০০০.০০০ | ২৮৯৯৩৯২.০০ | ৮৫০৭৮৩২০.০০ | ৮৭৯৭৭৭১২.০০ | ৬০৪০৪০ | ২১২৬৯৫৮০ |
| ৪ | বিআর ২৩ | ২.৯৮৮ | ১২২৮.৫৫১ | ১২৩১.৫৩৯ | ৪৮০০০.০০০ | ৪০০০০.০০০ | ১৪৩৪২৪.০০ | ৪৯১৪২০৪০.০০ | ৪৯২৮৫৪৬৪.০০ | ২৯৮৮০ | ১২২৮৫৫১০ |
| ৫ | ব্রিধান ৩০ | ১১৯.৯৪৯ | ৮৯.৭৭২ | ২০৯.৭২১ | ৪৭০০০.০০ | ৩৯০০০.০০ | ৫৬৩৭৬০৩.০০ | ৩৫০১১০৮.০০ | ৯১৩৮৭১১.০০ | ১১৯৯৪৯০ | ৮৯৭৭২০ |
| ৬ | ব্রিধান ৩২ | ১৪৪.৫১৯ | ৯০৩.৪৬০ | ১০৪৭.৯৭৯ | ৪৭০০০.০০ | ৩৯০০০.০০ | ৬৭৯২৩৯৩.০০ | ৩৫২৩৪৯৪০.০০ | ৪২০২৭৩৩৩.০০ | ১৪৪৫১৯০ | ৯০৩৪৬০০ |
| ৭ | ব্রিধান ৩৩ | ১০.৪৯৮ | ১৪৫.৩০৯ | ১৫৫.৮০৭ | ৪৭০০০.০০ | ৩৯০০০.০০ | ৪৯৩৪০৬.০০ | ৫৬৬৭০৫১.০০ | ৬১৬০৪৫৭.০০ | ১০৪৯৮০ | ১৪৫৩০৯০ |
| ৮ | ব্রিধান ৩৪ | ১৪.০৫২ | ২৩২.০০৩ | ২৪৬.০৫৫ | ৮৮০০০.০০০ | ৮২০০০.০০০ | ১২৩৬৫৭৬.০০ | ১৯০২৪২৪৬.০০ | ২০২৬০৮২২.০০ | ১৪০৫২০ | ২৩২০০৩০ |
| ৯ | ব্রিধান ৩৯ | ১৬১.২৪১ | ৮৪৯.৫১৯ | ১০১০.৭৬০ | ৪৭০০০.০০ | ৩৯০০০.০০ | ৭৫৭৮৩২৭.০০ | ৩৩১৩১২৪১.০০ | ৪০৭০৯৫৬৮.০০ | ১৬১২৪১০ | ৮৪৯৫১৯০ |
| ১০ | ব্রিধান ৪১ | ১৫.৩১৯ | ৬৭.৬৮১ | ৮৩.০০০ | ৪৭০০০.০০ | ৩৯০০০.০০ | ৭১৯৯৯৩.০০ | ২৬৩৯৫৫৯.০০ | ৩৩৫৯৫৫২.০০ | ১৫৩১৯০ | ৬৭৬৮১০ |
| ১১ | ব্রিধান ৪৪ | ৩.৬০০ | ০.০০০ | ৩.৬০০ | ৪৭০০০.০০ | ৩৯০০০.০০ | ১৬৯২০০.০০ | ০.০০ | ১৬৯২০০.০০ | ৩৬০০০ | ০ |
| ১২ | ব্রিধান ৪৯ | ১৮৫১.৮১৩ | ৫৫০৪.০০০ | ৭৩৫৫.৮১৩ | ৪৮০০০.০০০ | ৪০০০০.০০০ | ৮৮৮৮৭০২৪.০০ | ২২০১৬০০০০.০০ | ৩০৯০৪৭০২৪.০০ | ১৮৫১৮১৩০ | ৫৫০৪০০০০ |
| ১৩ | ব্রিধান ৫১ | ১৩৯.৫৩৯ | ১৪২৬.২০৪ | ১৫৬৫.৭৪৩ | ৪৮০০০.০০০ | ৪০০০০.০০০ | ৬৬৯৭৮৭২.০০ | ৫৭০৪৮১৬০.০০ | ৬৩৭৪৬০৩২.০০ | ১৩৯৫৩৯০ | ১৪২৬২০৪০ |
| ১৪ | ব্রিধান ৫২ | ২৪৪.৩১৭ | ৭৯০.০১৯ | ১০৩৪.৩৩৬ | ৪৭০০০.০০ | ৩৯০০০.০০ | ১১৪৮২৮৯৯.০০ | ৩০৮১০৭৪১.০০ | ৪২২৯৩৬৪০.০০ | ২৪৪৩১৭০ | ৭৯০০১৯০ |
| ১৫ | ব্রিধান ৫৩ | ১.৪২১ | ০.০০০ | ১.৪২১ | ৪৭০০০.০০ | ৩৯০০০.০০ | ৬৬৭৮৭.০০ | ০.০০ | ৬৬৭৮৭.০০ | ১৪২১০ | ০ |
| ১৬ | ব্রিধান ৫৪ | ০.৮৩৩ | ০.০০০ | ০.৮৩৩ | ৪৭০০০.০০ | ৩৯০০০.০০ | ৩৯১৫১.০০ | ০.০০ | ৩৯১৫১.০০ | ৮৩৩০ | ০ |
| ১৭ | ব্রিধান ৫৬ | ০.০০০ | ২০.১৬৬ | ২০.১৬৬ | ৪৭০০০.০০ | ৩৯০০০.০০ | ০.০০ | ৭৮৬৪৭৪.০০ | ৭৮৬৪৭৪.০০ | ০ | ২০১৬৬০ |
| ১৮ | ব্রিধান ৫৭ | ০.০০০ | ১৭.৭৯০ | ১৭.৭৯০ | ৪৮০০০.০০০ | ৪০০০০.০০০ | ০.০০ | ৭১১৬০০.০০ | ৭১১৬০০.০০ | ০ | ১৭৭৯০০ |
| ১৯ | ব্রিধান ৬২ | ১৪.২৪০ | ০.০০০ | ১৪.২৪০ | ৪৭০০০.০০ | ৩৯০০০.০০ | ৬৬৯২৮০.০০ | ০.০০ | ৬৬৯২৮০.০০ | ১৪২৪০০ | ০ |
| ২০ | ব্রি ধান৬৬ | ৪.৩৪০ | ০.০০০ | ৪.৩৪০ | ৪৭০০০.০০ | ৩৯০০০.০০ | ২০৩৯৮০.০০ | ০.০০ | ২০৩৯৮০.০০ | ৪৩৪০০ | ০ |
| ২১ | ব্রি ধান৭১ | ০.০৩৭ | ৯.৬৭৫ | ৯.৭১২ | ৪৮০০০.০০০ | ৪০০০০.০০০ | ১৭৭৬.০০ | ৩৮৭০০০.০০ | ৩৮৮৭৭৬.০০ | ৩৭০ | ৯৬৭৫০ |
| ২২ | ব্রি ধান৭২ | ০.০০৫ | ০.০০৯ | ০.০১৪ | ৪৭০০০.০০ | ৩৯০০০.০০ | ২৩৫.০০ | ৩৫১.০০ | ৫৮৬.০০ | ৫০ | ৯০ |
| ২৩ | ব্রি ধান৭৫ | ০.০৬৫ | ২.১৯৪ | ২.২৫৯ | ৪৮০০০.০০০ | ৪০০০০.০০০ | ৩১২০.০০ | ৮৭৭৬০.০০ | ৯০৮৮০.০০ | ৬৫০ | ২১৯৪০ |
| ২৪ | ব্রি ধান৭৬ | ০.০১০ | ০.০০০ | ০.০১০ | ৪৭০০০.০০ | ৩৯০০০.০০ | ৪৭০.০০ | ০.০০ | ৪৭০.০০ | ১০০ | ০ |
| ২৫ | ব্রি ধান৭৭ | ০.৬৫৪ | ০.০০০ | ০.৬৫৪ | ৪৭০০০.০০ | ৩৯০০০.০০ | ৩০৭৩৮.০০ | ০.০০ | ৩০৭৩৮.০০ | ৬৫৪০ | ০ |
| ২৬ | ব্রি ধান৮০ | ০.০০০ | ১.২২৫ | ১.২২৫ | ৪৭০০০.০০ | ৩৯০০০.০০ | ০.০০ | ৪৭৭৭৫.০০ | ৪৭৭৭৫.০০ | ০ | ১২২৫০ |
| ২৭ | বিনা ধান৭ | ৩৩৪.৬৯০ | ৫৬৯.৪০০ | ৯০৪.০৯০ | ৪৭০০০.০০ | ৩৯০০০.০০ | ১৫৭৩০৪৩০.০০ | ২২২০৬৬০০.০০ | ৩৭৯৩৭০৩০.০০ | ৩৩৪৬৯০০ | ৫৬৯৪০০০ |
| ২৮ | বিনা ধান১১ | ০.০০৫ | ০.০০২ | ০.০০৭ | ৪৭০০০.০০ | ৩৯০০০.০০ | ২৩৫.০০ | ৭৮.০০ | ৩১৩.০০ | ৫০ | ২০ |
| ২৯ | বিনা ধান১৬ | ১১.৮৮৫ | ০.০০০ | ১১.৮৮৫ | ৪৭০০০.০০ | ৩৯০০০.০০ | ৫৫৮৫৯৫.০০ | ০.০০ | ৫৫৮৫৯৫.০০ | ১১৮৮৫০ | ০ |
| ৩০ | বিনা ধান১৭ | ১০.২০৩ | ৫৯.৪০০ | ৬৯.৬০৩ | ৪৭০০০.০০ | ৩৯০০০.০০ | ৪৭৯৫৪১.০০ | ২৩১৬৬০০.০০ | ২৭৯৬১৪১.০০ | ১০২০৩০ | ৫৯৪০০০ |
| ৩১ | বিনা ধান২০ | ৬.০০০ | ০.০০০ | ৬.০০০ | ৪৭০০০.০০ | ৩৯০০০.০০ | ২৮২০০০.০০ | ০.০০ | ২৮২০০০.০০ | ৬০০০০ | ০ |
| ৩২ | বিউ ধান১ | ০.৭৮৫ | ০.০০০ | ০.৭৮৫ | ৪৭০০০.০০ | ৩৯০০০.০০ | ৩৬৮৯৫.০০ | ০.০০ | ৩৬৮৯৫.০০ | ৭৮৫০ | ০ |
| ৩৩ | বিউ ধান২ | ১.১৯০ | ০.০০০ | ১.১৯০ | ৪৭০০০.০০ | ৩৯০০০.০০ | ৫৫৯৩০.০০ | ০.০০ | ৫৫৯৩০.০০ | ১১৯০০ | ০ |
| ৩৪ | নাইজারশাইল | ৯.৮০০ | ০.০০০ | ৯.৮০০ | ৪৮০০০.০০০ | ৪০০০০.০০০ | ৪৭০৪০০.০০ | ০.০০ | ৪৭০৪০০.০০ | ৯৮০০০ | ০ |
| ৩৫ | বিনাশাইল | ৫.৪৮৫ | ০.০০০ | ৫.৪৮৫ | ৪৮০০০.০০০ | ৪০০০০.০০০ | ২৬৩২৮০.০০ | ০.০০ | ২৬৩২৮০.০০ | ৫৪৮৫০ | ০ |
| ৩৬ | কৃষ্ণভোগ | ০.০০০ | ৩.৫০০ | ৩.৫০০ | ৮৮০০০.০০০ | ৮২০০০.০০০ | ০.০০ | ২৮৭০০০.০০ | ২৮৭০০০.০০ | ০ | ৩৫০০০ |
| ৩৭ | নেরিকা | ০.০০০ | ৯৩.৬১৬ | ৯৩.৬১৬ | ৪৭০০০.০০ | ৩৯০০০.০০ | ০.০০ | ৩৬৫১০২৪.০০ | ৩৬৫১০২৪.০০ | ০ | ৯৩৬১৬০ |
| ৩৮ | স্বর্ণলতা | ০.০০০ | ১.৫১৫ | ১.৫১৫ | ৪৭০০০.০০ | ৩৯০০০.০০ | ০.০০ | ৫৯০৮৫.০০ | ৫৯০৮৫.০০ | ০ | ১৫১৫০ |
| ৩৯ | গাইঞ্জা | ০.০০০ | ০.৪০০ | ০.৪০০ | ৪৭০০০.০০ | ৩৯০০০.০০ | ০.০০ | ১৫৬০০.০০ | ১৫৬০০.০০ | ০ | ৪০০০ |
| | মোটইনব্রিড | ৩৩৪১.০৭ | ১৬১৫১.৪৫ | ১৯৪৯২.৫৩২ | | | ১৫৯৬৭৬৬৯৪.০ | ৬৫০৩৪৮৯০২.০০ | ৮১০০২৫৫৯৬.০ | ৩৩৪১০৭৩০.০০ | ১৬১৫১৪৫৯০. |

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ৩ | ৯ | | | | ০ | | ০ | | |
| ২ কেজিপ্যাকেটেরজন্য প্রতি কেজিতে অতিরিক্ত ২ টাকা | | | | ১৭৫.৫০০ | | | | ৩৫১০০০.০০ | ৩৫১০০০.০০ | | |
| খ) হাইব্রিড | | | | | | | | | | | |
| ৪০ | বিএডিসিহাইব্রিড ধান-২ (উইন-২০৭) | | ২.৪০৪ | ২.৪০৪ | | ২৩০০০০.০০০ | | ৫৫২৯২০.০০ | ৫৫২৯২০.০০ | ০ | ১২০২০০ |
| ৪১ | বিএডিসিহাইব্রিড ধান-৬ (এম০০৩২) | | ৫.৭৮৬ | ৫.৭৮৬ | | ২৩০০০০.০০০ | | ১৩৩০৭৮০.০০ | ১৩৩০৭৮০.০০ | ০ | ২৮৯৩০০ |
| | হাইব্রিড মোট | ০.০০০ | ৮.১৯০ | ৮.১৯০ | ০.০০০ | | ০.০০ | ১৮৮৩৭০০.০০ | ১৮৮৩৭০০.০০ | ০.০০ | ৪০৯৫০০.০ |
| | সর্বমোট | ৩৩৪১.০৭৩ | ১৬১৫৯.৬৪৯ | ১৯৫০০.৭২২ | ০.০০০ | ০.০০০ | ১৫৯৬৭৬৬৯৪.০০ | ৬৫২২৩২৬০২.০০ | ৮১২২৬০২৯৬.০০ | ৩৩৪১০৭৩০.০০ | ১৬১৯২৪০৯০.০ |

ভর্তুকি মূল্যে আমন ধান বীজ বিক্রির জন্য টাকার পরিমাণ:

| বীজের ধরণ | বীজের পরিমাণ মে.টন | প্রতিটনে ভর্তুকীর টাকার পরিমাণ | মোট টাকার পরিমাণ |
|---|---|---|---|
| মোটইনব্রিড | ১৯৪৯২.৫৩২ | ১০০০০ | ১৯৪৯২৫৩২০ |
| মোটহাইব্রিড | ৮.১৯ | ৫০০০০ | ৪০৯৫০০ |
| | | | ১৯৫৩৩৪৮২০ |

০৪। <u>শর্তাবলী:</u>

১. আমন ধান বীজে ভর্তুকি ঘোষণার পূর্বেই বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) আমন ধানের জাত ভিত্তিক বিক্রয় মূল্য ঘোষণা করবে এবং উপজেলাওয়ারী বরাদ্দ বিভাজন করবে।

২. চেয়ারম্যান, বিএডিসি এতদসংগে যুক্ত আমন বীজে ভর্তুকি প্রদান বাস্তবায়ন পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করবে।

৩. বিএডিসির বীজ ডিলার ভতুকি মূল্যে আমন ধানের বীজ ক্রয়কারী কৃষকদের তালিকা সংরক্ষণ করবেন এবং চুড়ান্ত একটি তালিকা উপজেলা কৃষি অফিসার এবং সংশ্লিষ্ট বিএডিসি কর্তৃপক্ষ বরাবরে জমা প্রদান করবেন।

৪. বিএডিসির জেলা কার্যালয় নিয়মিতভাবে ভর্তুকি মূল্যে প্রদানকৃত বীজ বিক্রয় অগ্রগতির প্রতিবেদন বিএডিসি'র প্রধান কার্যালয়, উপজেলা কৃষি অফিস ও উপপরিচালক, কৃষিসম্প্রসারণ অধিদপ্তরের কার্যালয়কে প্রদান করবেন।

৫. জুন/২০২০ সালের মধ্যে সমুদয় আমন ধান বীজ ভর্তুকি মূল্যে বিক্রয় কার্যক্রম নিশ্চিত করতে হবে।

৬. ভর্তুকিতে বিক্রিত কোন অনিয়ম পরিলক্ষিত হলে জেলা/ উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৭. ভর্তুকি মূল্যে বিক্রিত বীজের চুড়ান্ত প্রতিবেদন চেয়ারম্যান, বিএডিসি কৃষি মন্ত্রণালয় বরাবর প্রেরণ করবেন।

৮. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA'2006ওPPR'2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

৯. এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য কার্যক্রমের সাথে দ্বৈততা পরিহারের বিষয়টি বিএডিসি কর্তৃপক্ষ কর্তৃক নিশ্চিত করতে হবে।

১০. ছাড়কৃত অর্থ হতে চলতি ২০১৯-২০ অর্থবছরের অবশিষ্ট সময়ে প্রকৃত পক্ষে যে পরিমাণ অর্থ ব্যয় করা সম্ভব বিএডিসি কর্তৃপক্ষ কর্তৃক সে পরিমাণ অর্থ ব্যয়ের পর অবশিষ্ট অর্থ বিধি মোতাবেক সরকারি কোষাগারে ফেরত প্রদান করবে।

১১. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

১২. ছাড়কৃত অর্থ ৩০ জুন, ২০২০ তারিখের মধ্যে অবশ্যই সংশ্লিষ্ট কোডে সমন্বয় করতে হবে অথবা সংযুক্ত বাস্তবায়ন পদ্ধতি অনুযায়ী যথাসময়ে সমন্বয় করবেন এবং প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয় বরাবর অনুলিপি প্রেরণ করতে হবে। এসংক্রান্ত যাবতীয় অডিট বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন কর্তৃপক্ষের কার্যালয়ে নিষ্পন্ন হবে। ভর্তুকি প্রদানের চূড়ান্ত বিবরণী কৃষি মন্ত্রণালয় বরাবর প্রেরণ করতে হবে।

আপনার বিশ্বস্ত,

মো: আমিরুল ইসলাম
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০৮১
ই- মেইল : moabudget@yahoo.com

তারিখ : ২১ জ্যৈষ্ঠ ১৪২৭ / ০৪ জুন ২০২০

নং১২.০০.০০০০.০২২.৩৬.০৮৩.১৯.১৭৭

আদেশের ০৩ (তিন) কপি এতৎসঙ্গে প্রেরণ করা হলো। আদেশের এক কপি পৃষ্ঠাঙ্কনপূর্বক প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা বরাবরে প্রেরণ করার জন্য অর্থ বিভাগকে অনুরোধ করা হলো।

মো: আমিরুল ইসলাম
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০৮১
ই- মেইল : moabudget@yahoo.com

তারিখঃ

নং

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশের অনুলিপি প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা এর নিকট প্রেরিত হলো। এতে অর্থ বিভাগের সম্মতি রয়েছে।

মোহাম্মদ ফারুক- উজ- জামান
উপসচিব
বাজেট- ২০ শাখা
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

নং-১২.০০.০০০০.০২২.৩৬.০৮৩.১৯.১৭৭

তারিখ : ২১ জ্যৈষ্ঠ ১৪২৭ / ০৪ জুন ২০২০

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
০৪. চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, বান্দরবান/রাঙ্গামাটি/ খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৫. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা।
০৬. মহাপরিচালক (বীজ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭. অতিরিক্তসচিব, সার ব্যবস্থাপনা ও উপকরণ অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮. উপসচিব, উপকরণ-২ অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি (৩টি পার্বত্য জেলা ব্যতীত ৬১টি জেলা)।
১০. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য সচিব, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি (সকল জেলা)।
১৩. উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি (সকল)।
১৪. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল জেলা)।
১৫. উপজেলা কৃষি অফিসার (সকল)।
১৬. সহকারী প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
১৭. হিসাবরক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৪/০৬/২০২০

মো: আমিরুল ইসলাম
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০৮১
ই- মেইল : moabudget@yahoo.com

## কৃষকের মাঝে ভর্তুকি মূল্যে বীজ বিক্রয়ের পদ্ধতি

১. আমন ধান বীজে ভর্তুকি ঘোষণার পূর্বেই বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) আমন ধানের জাতভিত্তিক বিক্রয়মূল্য ঘোষণা করবে এবং উপজেলাওয়ারী বরাদ্দ বিভাজন করবে।

২. উপজেলাওয়ারী বরাদ্দ মোতাবেক বীজ ডিলারগণ নিদিষ্ট সময়ের মধ্যে বিএডিসি থেকে ভর্তুকিমূল্যে বীজ উত্তোলন করে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি নিকট বীজের জাত ও পরিমাণ উল্লেখ করে ২৪ ঘন্টার মধ্যে অ্যারাইভাল রিপোট প্রদান করবে।

৩. বিএডিসির জেলা ও উপজেলা বীজ বিক্রয় কেন্দ্র ও নিদিষ্ট পরিমাণ বীজ ভর্তুকি মূল্যে বিক্রয় করবে।

৪. উপজেলা কৃষি অফিসার সংশ্লিষ্ট উপজেলার কৃষকদের একটি অগ্রাধিকার তালিকা প্রস্তুত করে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির অনুমোদন নিয়ে সংশ্লিষ্ট বীজ ডিলার, সংশ্লিষ্ট বিএডিসি কর্তৃপক্ষ এবং উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের নিকট প্রেরণ করবেন।

৫. ডিলারগণ ক্যাশ মেমোর মাধ্যমে বীজ বিক্রয় করবেন।

৬. ডিলারগণ ভর্তুকি মূল্যে আমন ধানের বীজ ক্রয়কারী কৃষকের নাম, ঠিকানা, মোবাইল নম্বর ও এনআইডি (যদি থাকে) বীজ বিক্রয় রেজিস্টারে লিপিবদ্ধ করবেন।

৭. জমির মালিকানা (বর্গা/লীজসহ) বিবেচনাপূর্বক কৃষকের নিকট বীজ বিক্রয় করতে হবে। এক্ষেত্রে একজন কৃষকের নিকট সর্বোচ্চ ১০০ কেজি বীজ বিক্রয় করা যাবে। তবে তালিকাভুক্ত কৃষকদের নিকট বীজ বিক্রয়ের পর অবশিষ্ট থাকলে তা তালিকা বহির্ভূত প্রকৃত কৃষকদের নিকট বিক্রয় করা যাবে।

৮. বিএডিসির বীজ ডিলারের বিক্রয়কেন্দ্র সংশ্লিষ্ট উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সদস্যগণ এবং বিএডিসি কর্তৃপক্ষ তদারকি করবেন।

৯. বিএডিসির বীজ ডিলার ভতুকি মূল্যে আমন ধানের বীজ ক্রয়কারী কৃষকদের তালিকা সংরক্ষণ করবেন এবং চূড়ান্ত একটি তালিকা উপজেলা কৃষি অফিসার এবং সংশ্লিষ্ট বিএডিসি কর্তৃপক্ষ বরাবরে জমা প্রদান করবেন।

১০. বিএডিসির জেলা কার্যালয় নিয়মিতভাবে ভর্তুকি মূল্যে প্রদানকৃত বীজ বিক্রয় অগ্রগতির প্রতিবেদন বিএডিসি'র প্রধান কার্যালয়, উপজেলা কৃষি অফিস ও উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কার্যালয়কে প্রদান করবেন।

১১. জুন/২০২০ সালের মধ্যে সমুদয় আমন ধান বীজ ভর্তুকি মূল্যে বিক্রয় কার্যক্রম নিশ্চিত করতে হবে।

১২. ভর্তুকিতে বিক্রিত কোন অনিয়ম পরিলক্ষিত হলে জেলা/ উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১৩. ভর্তুকি মূল্যে বিক্রিত বীজের চূড়ান্ত প্রতিবেদন চেয়ারম্যান, বিএডিসি কৃষি মন্ত্রণালয় বরাবর প্রেরণ করবেন।

১৪. প্রস্তাবিত মোট ভর্তুকির অর্থ কৃষি মন্ত্রণালয় কর্তৃক বিএডিসি'র অনুকূলে ছাড় করা হবে। তবে ভর্তুকির জন্য প্রস্তাবিত বীজের কোন অংশ অবশিষ্ট/অবিক্রীত থাকলে অবশিষ্ট/অবিক্রীত বীজের ভর্তুকি মূল্য বিএডিসি কর্তৃপক্ষ সরকারি কোষাগারে ফেরত প্রদান করবে।

১/০৬/২০২০

মোঃ মাহবুবুল ইসলাম
অতিরিক্ত সচিব ([illegible])
কৃষি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার